

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১

শিক্ষার গুণগত মানের উন্নয়নে  
শিক্ষকদের এগিয়ে আসতে হবে

-প্রেসিডেন্ট

প্রেস বিজ্ঞপ্তি : গত শনিবার বাংলাদেশ  
শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল  
প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম  
বদরুদ্দোজা চৌধুরীর সাথে সাক্ষাৎ  
করেছেন। সমিতির মহাসচিব মোঃ সেলিম  
ভূঁইয়ার নেতৃত্বে এই প্রতিনিধি দলে ছিলেন  
খ্রিসিপাল মোঃ সাইদুর রহমান, মোহাম্মদ  
আলী, মোহাম্মদ জাহাঙ্গীর খান ও কাজী  
দেলোয়ার হোসেন।

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

প্রেসিডেন্ট ৮-এর পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট মনোযোগ দিয়ে শিক্ষকদের  
বক্তব্য শোনেন এবং শিক্ষার গুণগত মানের  
উন্নয়নে শিক্ষকদের এগিয়ে আসার আহ্বান  
জানান। প্রেসিডেন্ট ইংরেজী ও আইটি  
শিক্ষার প্রতি গুরুত্বারোপ করেন। বেকার  
সমস্যা দূরীকরণে আইটি শিক্ষার বিকল্প  
নেই বলেও তিনি উল্লেখ করেন। তিনি  
বলেন, শিক্ষকদের জন্য থানা ও জেলা  
ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।  
সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া  
শিক্ষার গুণগত মান উন্নয়ন, আসন্ন  
এসএসসি পরীক্ষায় নকল প্রতিরোধ,  
শিক্ষাসনে সম্মান বঞ্চে শিক্ষকদের পক্ষ  
থেকে সর্বাঙ্গক সহযোগিতার আশ্বাস দেন।